দৈনিক ইনকিলাব

তারিখ 24 APR 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

৩০

25

# বেসরকারী মাদ্রাসা জরিপের তারিখ পরিবর্তনের আহবান

বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের সভাপতি মাওলানা এম এ মান্নান, মহাসচিব মাওলানা এম এ লতিফ এক যুক্ত বিবৃতিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সুষ্ঠ ব্যবস্থার জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জরিপের কর্মসূচী গ্রহণ করায় স্বাগত জানিয়েছেন।

বিবৃতিতে তারা বলেন যে, কর্মসূচীতে ১ মে থেকে ৩১ মে'র মধ্যে জরিপ শেষ করার নির্দেশ রয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ৫ থেকে ১৯ মে পর্যন্ত দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে। সে জন্যে দেশের বেসরকারী মাদ্রাসাসমূহ সুষ্ঠ জরিপের জন্য ২২ মে থেকে জরিপ কার্যক্রম শুরু করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট তারা আহবান জানিয়েছেন এবং বিজ্ঞপ্তি প্রচারের জন্য নেতৃবৃন্দ বিশেষ অনুরোধ জানিয়েছেন। প্রেস বিজ্ঞপ্তি।